# Times Today BD

সংগীত কুমার | ক্যাম্পাস | 16 June, 2025

কুষ্টিয়ার বৃত্তিপাড়া এলাকায় সড়ক দুর্ঘটনায় ইসলামী বিশ্ববিদ্যালয়ের (ইবি) এক শিক্ষার্থী নিহত হয়েছেন (ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)।নিহত শিক্ষার্থীর নাম রাশেদুল ইসলাম।তিনি আরবি ভাষা ও সাহিত্য বিভাগের ২০১৮-১৯ শিক্ষাবর্ষের স্নাতক শিক্ষার্থী ছিলেন। সম্প্রতি তিনি স্নাতকোত্তর শেষ বর্ষের পরীক্ষা সম্পন্ন করেছিলেন।

সোমবার (১৬ জুন) ঈদ ও গ্রীষ্মকালীন ছুটি শেষে কুষ্টিয়া থেকে ক্যাম্পাসে ফেরার পথে বৃত্তিপাড়া এলাকায় দুর্ঘটনার শিকার হন রাশেদুল। দ্রুত উদ্ধার করে কুষ্টিয়া জেনারেল হাসপাতালে নেওয়া হলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।

রাশেদুল ইসলামের বাড়ি জয়পুরহাট জেলার পাঁচবিবি উপজেলায়।তার অকাল মৃত্যুতে বিশ্ববিদ্যালয়জুড়ে শোকের ছায়া নেমে এসেছে।

এ ঘটনায় এক শোকবার্তায় গভীর শোক ও দুঃখ প্রকাশ করেছেন ইসলামী বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নকীব মোহাম্মদ নসরুল্লাহ, উপ-উপাচার্য অধ্যাপক ড. এম. এয়াকুব আলী এবং কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোহাম্মদ জাহাঙ্গীর আলম।তারা মরহুমের আত্মার মাগফিরাত কামনা করে শোকসন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা জানিয়েছেন।

শিক্ষার্থী নিহত ইবি

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 17 June, 2025 21:53

URL: https://timestodaybd.com/campus/7027143441